লিপি
শিলিগুড়ি • বুধবার, ২৮ ফেব্রুয়ারি ২০১৮
Siliguri • Wednesday • February 28, 2018
Arthik Lipi, Page 2

শ্রীচৈতন্য চরিতামৃতর প্রচারে আন্তর্জাতিক সেমিনার

নিজস্ব সংবাদদাতা : শ্রীধাম মায়াপুরে শ্রীচৈতন্যদেবের আবির্ভাব তিথি এবং শ্রীল ভক্তি বিবুধ বোধায়ন গোস্বামী মহারাজের সন্ন্যাসযাত্রার ২৫ বছর পূর্তি উপলক্ষে শ্রীগোপীনাথ গৌড়ীয় মঠের সন্ন্যাসী ও ভক্তরা একটি আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করেছেন। দোলযাত্রা উপলক্ষে দেশ-বিদেশ থেকে আগত ভক্তরা এবং শ্রীচৈতন্য বিশারদরা এই সেমিনারে অংশগ্রহণ করবেন। ১ মার্চ গৌড় পূর্ণিমার দিনে সেমিনারটিতে শ্রীচৈতন্যদেব দর্শন এবং হরিনাম প্রচারের মাধ্যমে কিভাবে সমাজ থেকে নানা অন্ধ কুসংস্কার জাতিভেদ এবং পরধর্মবিদ্বেষ দূর করতে সক্ষম হয়েছিলেন তার সবিশেষ আলোচনা করবেন দেশ এবং বিদেশের নানা চৈতন্য বিশারদরা। প্রাচীন সময়ে বিভিন্ন পণ্ডিতদের লেখা শ্রীচৈতন্য চরিতামৃত সবিশেষ ব্যাখ্যা করবেন চৈতন্য গবেষণারত বিদগ্ধরা। বিশ্বশান্তি ধর্মীয় হানাহানি বন্ধ করার জন্য মহাপ্রভুর নিকট প্রার্থনা করবেন দেশ-বিদেশের ভক্তরা। এই সঙ্গে মঠে আয়োজন করা হয়েছে মঙ্গল আরতি, দশন আরতি ও মহাপ্রভুর অভিষেক এবং এসবের মাধ্যমে মহাপ্রভুকে শ্রদ্ধা জ্ঞাপন করবেন অসংখ্য ভক্ত। শ্রীল ভক্তি বিবুধ বোধায়ন গোস্বামী মহারাজ তাঁর গুরুদেব শ্রীল ভক্তি প্রমোদপুরী গোস্বামী মহারাজের কাছে সন্ন্যাস নেন ২৫ বছর আগে। প্রমোদপুরী মহারাজ চেয়েছিলেন বিশ্বে শ্রীহরিনাম সংকীর্তনের মাধ্যমে মহাপ্রভুর ভাব ধারাকে বিশ্বে প্রচার করতে। ইতিমধ্যে পৃথিবীর নানা দেশ থেকে উপস্থিত হয়েছেন বিদেশের ভক্তরা।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	6	1	8	3				9
		4	6			5	3	
	9		7		5	4		
1	3		5	8				2
7		5				6		1
8				1	6		5	3
		2	4		8		6	
	5	3			9	8		
4				6	2	1	9	

গতকালের সমাধান

4	7	6	9	3	1	8	5	2
9	1	5	8	2	6	7	4	3
8	2	3	4	7	5	9	6	1
2	9	1	7	5	3	4	8	6
5	8	7	1	6	4	3	2	9
6	3	4	2	9	8	5	1	7
7	4	8	6	1	9	2	3	5
1	5	9	3	8	2	6	7	4
3	6	2	5	4	7	1	9	8

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ১৯ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৪২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।০৪, **সূর্যাস্ত:** ঘ ৫:৩৬ **জোয়ার:** বিকেল: ৫:১৩। **ভাঁটা:** দুপুর : ১২:০।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	64.5254
INR / 1 Euro	79.8566
INR / 100 Jap. YEN	60.3500
INR /1 Pound Sterling	90.1291

শেয়ার সূচক

BSE	33,703.59 ▼	(-71.07)
NIFTY	10,360.40 ▼	(-18.00)

শব্দলিপি - ১১২৭



[illegible]

পাশাপাশি ঃ ১। [illegible]

উপরনীচ ঃ ১। [illegible]

সমাধান ঃ শব্দলিপি - ১১২৬

পাশাপাশি ঃ ১। [illegible]

উপরনীচ ঃ ১। [illegible]

রেললাইনে দাদাগিরির মাশুল

নিজস্ব সংবাদদাতা, নলহাটি : রেললাইনের উপর বসে হেডফোনে গান শোনার সময় ট্রেনের ধাক্কায় মৃত্যু হল একজনের। গুরুতর জখম তার দুই বন্ধু। ঘটনা বীরভূমের নলহাটির করিমপুরের। নলহাটি পুরসভার বাসিন্দা সুমন মজুমদার, অর্পণ মজুমদার ও প্রিয়ব্রত মজুমদার নামে তিন কিশোর সোমবার সন্ধ্যায় করিমপুরে রেললাইনে উপর বসে কানে হেডফোন লাগিয়ে গান শুনছিল। আপ লাইন দিয়ে আসা একটি মালগাড়ি তাদের ধাক্কা মারে। নলহাটি জিআরপি তাদের উদ্ধার করে রামপুরহাট জেলা হাসপাতালে ভর্তি করে। আশঙ্কাজনক অবস্থায় সুমনকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মৃত্যু হয় তার। পরে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয় প্রিয়ব্রতকেও।

সুমনের দাদা শেখ নিজামুদ্দিন বলেন, প্রত্যেকের কানে হেডফোন থাকায় মালগাড়ির শব্দ শুনতে পায়নি ওরা। ফলে এই দুর্ঘটনা ঘটে। জখম প্রিয়ব্রত জানায়, আমি এক বন্ধুর মোবাইলের দিকে তাকিয়ে ছিলাম। তখনই মালগাড়ি আমাদের ধাক্কা মারে। ট্রেনটি হর্ন দেয়নি। জিআরপি আধিকারিক এ কে বেরা বলেন, ওই জায়গায় প্রায়ই কিছু যুবক বসে মোবাইল ঘাঁটে। আমরা বার বার সচেতন করেছি। তাতেও কোনও লাভ হয়নি। সেই কারণেই এই দুর্ঘটনা।

ভাগ্যলিপি

মেষ
কিছু মানুষ আপনাকে বিরক্ত করার চেষ্টা করবে।এতে আপনি সফল নাও হতে পারেন।

বৃষ
ধীরে চলার চেষ্টা করুন, উন্নতি হতে পারে।

মিথুন
একটা আশা প্রদ দিন। অগ্রগতি পথে এগিয়ে যেতে পারবেন।

কর্কট
যে পরিবর্তনের প্রয়োজন ছিল। তা আজ কাজে লাগাতে চেষ্টা করুন। আর্থিকভাবে তা কাজে আসবে এবং আপনি সফল হবেন।

সিংহ
চেষ্টা চালিয়ে যান সফল্য আজ না এলেও আগামীদিনে আসতে পারে। সামনাসামনি সবকিছু মুখমুখি হন।

কন্যা
আপনার মত করে পথ চলার চেষ্টা করুন তাতে সাফল্য আসবে। দক্ষতা বৃদ্ধি পাবে।

তুলা
সরকারি কর্মীরা উপকৃত হবেন আজ। সবমিলেয়ে আজ একটা ভালোদিন যাবে ।পরিবারের সমস্ত সদস্যদের নিয়ে আনন্দ উপভোগ করতে পারেন।

বৃশ্চিক
গুরুত্বপূর্ণ দিন আজ, প্রবীণদের মতামত নিয়ে এগিয়ে চললে সাফল্য পাবেন।

ধনু
ব্যবসায়ীদের কাছে দিনটি শুভ। গুরুত্বপূর্ণ লেনদেন হতে পারে।

মকর
অসাধারণ ফল মিলতে পারে আজ। সমস্ত সমাধান হবে। দুঃখিত হবেনা সন্ধ্যার পরে সাফল্য আসবে।

কুম্ভ
একটা ভালোদিন। যোগাযোগ ক্ষেত্রে কর্মীরা লাভবান হবেন।

মীন
একটা মিশ্রদিন। তবে না বেশিদূর না এগোনই ভালো।

উবের চালককে মারধরের অভিযোগ বাসচালক ও খালাসির বিরুদ্ধে

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বাসভর্তি পড়ুয়াদের সামনে বাস থামিয়ে এক উবের চালককে বেধড়ক পেটানোর অভিযোগ উঠল বাসের চালক ও খালাসির বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে হাওড়ার বঙ্কিম সেতু ওপরে। উবের চালককে মারধরের ঘটনায় অভিযুক্ত স্কুল বাসচালক ও খালাসীকে আটক করেছে হাওড়া থানার পুলিশ।পুলিশ সূত্রে জানা গেছে, ধৃত ড্রাইভারের নাম রেজ্জাক মোল্লা (৩২) এবং খালাসি শিবু দাস (২৫)।মঙ্গলবার বিকেল কলকাতার শ্রীশিক্ষায়তনের পড়ুয়াদের স্কুল শেষে বাড়ি পৌঁছে দেওয়ার সময় এক উবের চালক দীনেশ চৌধুরিকে মারধর করে।জানা গেছে, হাওড়া বঙ্গবাসী থেকে বঙ্কিম ব্রিজে ওঠার সময় উবের চালককে রাস্তা দিচ্ছিল না। এই ঘটনার প্রতিবাদ করে সেই উবের চালক। প্রতিবাদ করলে এর পরেই বঙ্কিম সেতুতে উবের গাড়িতে ধাক্কা মারার অভিযোগ স্কুলবাস চালকের বিরুদ্ধে। শুধু তাই নয় স্কুল বাসচালক উইকেট হাতে গাড়ি থেকে নেমে বাসে থাকা স্কুল পড়ুয়াদের সামনে উবের চালককে বেধড়ক মারধর করে বলে অভিযোগ।

ঘটনাস্থলে আসে হাওড়া থানার পুলিশ। সেখানে এসে স্কুল বাস চালক ও খালাসিকে আটক কবে ও পাশাপাশি অন্য ড্রাইভারের ব্যবস্থা করে স্কুল পড়ুয়াদের বাড়ি পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয় পুলিশের পক্ষ থেকে।

আজ বাদে কাল দোল, তারই মহড়া হাওড়াতে।

অসুস্থ, বয়স্কদের সাহায্যে এগিয়ে এল পুলিশ

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : অসুস্থ বা অসহায় বৃদ্ধ-বৃদ্ধাদের সাহায্যের প্রয়োজন হলে এক ফোনেই তাঁদের কাছে পৌঁছে যাবে ব্যারাকপুর কমিশনারেটের পুলিশ। এই পরিষেবা আগেই চালু করেছিল ব্যারাকপুর কমিশনারেট। এবার আরও এক ধাপ এগিয়ে ব্যারাকপুর কমিশনারেট সিদ্ধান্ত নিল, অসুস্থ, একা বৃদ্ধ-বদ্ধদার সামাজিক এবং আইনগত সুরক্ষা দিতে অর্পণ নামে হেল্প ডেস্ক চালু হয়েছে আগেই। সেই হেল্প ডেস্কে যোগাযোগ করে নিজেদের নাম নথিভুক্ত করাতে পারেন বৃদ্ধ-বৃদ্ধাদের। যেকোনও সমস্যায় এক ফোনেই পুলিশকর্মীরা পৌঁছে যাবেন তাঁদের কাছে। বাড়িতে অ্যাম্বুলেন্স বা চিকিৎসক পাঠানোর ব্যবস্থাও করবে তাঁরা। তবে এবার ব্যারাকপুরের পুলিশ কমিশনার রাজেশ সিং জানালেন, আমরা সিদ্ধান্ত নিয়েছি, যে বয়স্ক ব্যক্তিরা খুবই অসুস্থ, যাঁরা ফোন করতে পারবেন না, প্রত্যেক দিন বা একদিন অন্তর আমরাই তাঁদের খোঁজখবর নেব। পুলিশের পক্ষ থেকে তাঁদের ফোন করে জানা হবে যে তাঁরা কেমন আছেন বা তাঁদের কিছু প্রয়োজন রয়েছে কি না। পাশাপাশি পুলিশের মোবাইল ভ্যান বিভিন্ন জায়গায় গিয়েও এই খোঁজ নেওয়ার কাজ করবে।

সোমবার ব্যারাকপুরের সুকান্ত সদনে এনিয়ে একটি সেমিনারের আয়োজন করে পুলিশ কমিশনারেট। এলাকার বয়স্কদের ডাকা হয় সেখানে। সেমিনারে উপস্থিত ছিলেন "হেল্পএজ ইন্ডিয়া" নামে এক স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধিরাও। বয়স্ক ও অসুস্থদের সাহায্য করার কথা জানায় তারাও।

CII
PARTNERSHIP SUMMIT 2018
Charting New Global Integr
U AUNG HTOO
SANJAY BUDHIA
JOSE LUIS KAISER

পাটনার সামিট ২০১৮ শীর্ষক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সঞ্জয় বুধিয়া।

শিশুকে অঙ্কনে পারদর্শী করার প্রচেষ্টা অভিভাবকের

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : ছোট থেকেই শিশুকে সবদিক থেকে পারদর্শী করে তুলতে চান উমা দাস। দক্ষিণ গোবিন্দপুর সুপ্রভাত সেবা সংঘের অঙ্কণ প্রতিযোগিতায় উমা দাসের ছেলে কিরীটি দাস একজন প্রতিযোগী। পড়ে চতুর্থ শ্রেণিতে। এক প্রশ্নের উত্তরে উমা দেবী বলেন বর্তমানে যা দেখছি, ছোট ছোট ছেলে-মেয়েরা মা, বাবার কথা শোনে না, অল্পতেই রেগে যায়। তিনি এখন থেকেই ছেলেকে আঁকা যোগাসন ইত্যাদির মধ্যে ব্যস্ত রাখতে চান।

সঙ্গীতা গিরি, জন্ম প্রতিবন্ধী, বয়স প্রায় ১২ বছর। একমনে ছবিতে রঙ পেনসিল দিয়ে রঙ করতে ব্যস্ত। কোনদিকে ভ্রূক্ষেপ নেই। বাবা স্বপন গিরি। দোকান কর্মচারী। মেয়েকে কোলে করে আঁকার জায়গায় বসিয়ে দিয়েছেন। নির্দিষ্ট সময়ের মধ্যে আঁকা, বঙ করা শেষ। কর্মকর্তাদের ডেকে আঁকার কাগজটা দিয়ে এই প্রতিবেদকের সঙ্গে আলাপ। স্কুলের নাম, নিজের নাম ইত্যাদি বলার পর জিজ্ঞাস করলাম কোনটা ভাল লাগে। ছবি আঁকতে বেশি ভাল লাগে। স্থানীয় স্কুলে ক্লাস ফাইভের ছাত্রী। বাবার ইচ্ছে যেমন করেই হোক মেয়েকে মানুষ করে তুলবেন। সঙ্গীতা আঁকতে পাঁচশত প্রতিযোগীর সঙ্গে অংশ নিয়েছে। সংঘের সভাপতি হরি পদ দাস বলেন, আমরা এবছর প্রায় পাঁচশত প্রতিযোগীকে জায়গা দিতে পেরেছি। স্থান সংকুলন না হওয়ায়। আগামী বছর আরও বড় জায়গায় ব্যবস্থা করা হবে। শুধু আঁকার নয়, যোগাসন প্রতিযোগিতারও আয়োজন হয়েছিল।

স্বনির্ভর মহিলাদের মুরগির বাচ্চা বিতরণ

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : ২০১১ সালে পশ্চিমবঙ্গের দ্বায়িত্ব নেওয়ার পরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভেবেছিলেন মহিলাদের স্বনির্ভর করে তুলতে হবে। বিশেষ করে গ্রামের মহিলাদের। চিরকাল যারা হেঁশেল সামলেছেন তারাই যে বাড়িতে বসে কিছু অর্থ উপার্জন করতে পারেন তার ব্যবস্থা মুখ্যমন্ত্রী করেছেন। এবিষয়ে রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ দফতরকে কাজে লাগিয়েছেন। নামখানা ব্লকের সভাপতি শ্রীমন্ত মালির উদ্যোগে ব্লকের প্রায় চার হাজার মহিলাকে মুরগির বাচ্চা প্রদান করা হল। সেই সঙ্গে ওষুধ পত্রও দেওয়া হয়। শুধু তাই নয় ওই বাচ্চাগুলিকে কীভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে তাও একটি কর্মশালার মাধ্যমে বুঝিয়ে দেওয়া হয়। সভাপতি বলেন আগে গ্রামের মহিলাদের দু-পাঁচ টাকা খরচের জন্য স্বামীর কাছে হাত পাততে হত। এখন মহিলারা হাঁস, মুরগি পালন করেছেন। সেখান থেকে যা আয় হয় তাদিয়ে নিজেদের শুধু নয় স্বামীর প্রয়োজনেও অর্থ সাহায্য করছেন। হরিপুর থেকে আসা গীতা জানা বলেন, আমি গত বছর দশটি মুরগির বাচ্চা নিয়ে তাকে বড় করেছি। ডিম বিক্রি করেছি পুনরায় বাড়িতে ডিম থেকে বাচ্চাও তৈরি করেছি। আমার স্বামী এখানে ওখানে কাজে যান। আমি স্বামীর অপেক্ষা না করে সংসার চালিয়ে নিই। এক ছেলে এক মেয়ের পড়াশুনার খরচও চালাই। সভাপতি আগামী পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে উপস্থিত স্বনির্ভর মহিলাদের পাশে থাকার আহ্বার জানান। অনুষ্ঠানে সভাপতি ছাড়া নামখানার বিডিও এবং প্রাণী সম্পদ বিকাশ দফতরের আধিকারিকও উপস্থিত ছিলেন।

কেপমার গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : মঙ্গলবার একজন কেপমারকে হাতেনাতে ধরল জনতা। জানা গিয়েছে, দানেশ শেখ লেন, হাওড়া রুটের একটি মিনিবাসে মঙ্গলবার দিনদুপুরে কেপমার হয়। এক ব্যক্তির থেকে মোবাইল চুরি করে ওই কেপমার পালাতে যায়। জিটি রোডের কাছে ঘটনাটি ঘটে। তারপর বনবিহারী বোস লেনের কাছে বাস থেকে নেমে ওই কেপমার পালাতে চেষ্টা করে। তখন যাত্রীরা তাকে ধরে ফেলে। তারপর শুরু হয় গণধোলাই। জানা গিয়েছে ধৃত কেপমারের নাম জয়ন্ত কুণ্ডু (৩৯)। তার বাড়ি হাওড়ার সাঁকরাইলে। ধৃত কেপমারকে গণধোলাইয়ের পর জনতা পুলিশের হাতে তুলে দেয়।

ফেসবুকে প্রেম, অপমানে আত্মঘাতী ছাত্রী

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : ফেসবুকে পরিচয়, তারপর প্রেম, কিন্তু পরে বিষয়টি এমন পর্যায়ে চলে যায় যে, অপমানে আত্মঘাতী হল ওই উচ্চ মাধ্যমিকের ছাত্রী। ঘটনাটি ঘটেছে হাওড়ার জগৎবল্লভপুরের নাইকুনি দে পাড়ায়। মৃত ছাত্রীর নাম পল্লবী ওঝা (১৮)। তার বাবার নাম অনন্ত ওঝা। মা সবিতা ওঝা জানা গিয়েছে, পল্লবী ওঝা উচ্চমাধ্যমিকের ছাত্রী। সে হাওড়ার মুন্সিরহাট চিন্তামনি গার্লসহাইস্কুলের ছাত্রী। কদিন আগেই তার পরিচয় হয় ফেসবুকে হাওড়ার আমতার পেরোর বাসিন্দা অভিজিৎ ঢালির সঙ্গে। ফেসবুকে পল্লবী নিজের নাম অঞ্জলি বলে। অভিজিৎ ওই ছাত্রীকে বিয়ে করার প্রস্তাব দেয়। তার বাবাকেও প্রস্তাব দেয় যে, সে তার মেয়েকে বিয়ে করবে। কিন্তু পল্লবী জানতে পারে যে অভিজিৎ বেকার ও নেশাগ্রস্ত। তাই পল্লবী ও তার বাবা অভিজিৎকে প্রত্যাখ্যান করে। রোষের বসে অভিজিৎ পল্লবী'র ছবি ও নানা কুরুচিকর মন্তব্য ও ফোন নম্বর ফেসবুকে পোস্ট করে দেয়। বলে এই মেয়েটি কলগার্ল, ২০০০ টাকা রেট। কিন্তু ফোন নম্বরটি আসলে পল্লবীর বাবার। এব্যাপারে বাবার ফোনে অনবরত ফোন আসে।

বাড়িতে তা নিয়ে খুব ঝামেলা হয়। তার ফলে পল্লবী সোমবার রাত নটায় ওড়না জড়িয়ে আত্মহত্যা করে। অভিজিৎকে পুলিশ গ্রেফতার করেছে।

কন্যাসন্তানের জন্ম দেওয়ায় মহিলাকে নির্যাতন

নিজস্ব সংবাদদাতা, সোনারপুর : কন্যাসন্তানের জন্ম দেওয়ায় মহিলাকে নির্যাতনের অভিযোগ উঠল স্বামী ও শ্বশুরবাড়ির বিরুদ্ধে। এমনকী তাঁর আরেক মেয়েকে মেরে মাথা ফাটিয়ে দেওয়া হয় বলেও অভিযোগ। ঘটনাটি দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর থানার সুভাষগ্রামের।

ঘটনার পর থেকে পলাতক অভিযুক্তরা।বছর তিনেক আগে দ্বিতীয় কন্যাসন্তানের জন্ম দেন ওই মহিলা। এরপর থেকেই স্বামী ও শ্বশুরবাড়ির লোকজনরা মিলে তাঁর উপর অত্যাচার চালাত বলে অভিযোগ। প্রতিবাদ করলে মারধর করা হত বড় মেয়েকেও। অভিযোগ, সোমবার ওই মহিলাকে বেধড়ক মারধর করা হয়। মেরে মাথা ফাটিয়ে দেওয়া হয় বড় মেয়েরও।স্বামী, শ্বশুর, শাশুড়ি ও দেওরের বিরুদ্ধে সোনারপুর থানায় অভিযোগ দায়ের করেছেন নির্যাতিতা ওই মহিলা।

আবাসিকদের দোল ও হোলি উৎসবের প্রস্তুতি

নিজস্বসংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার উলুবেড়িয়া থানার কাটিলা আশা ভবন সেন্টারে আয়োজিত হোলি বা দোল উৎসবে মেতে উঠবে আবাসিক মেয়েরা, যার প্রস্তুতি চলছে জোরকদমে।এই স্মরণীয় অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সমাজের বিভিন্ন স্তরের বহু বিশিষ্ট জন। অংশগ্রহণ করবেন বিদেশিরাও।আবাসিকদের আনন্দ দিতে এই অভিনব উদ্যোগ বলে জানিয়েছেন আশাভবন সেন্টারের ডিরেক্টর জন মেরী বাড়ুই ও আশা ভবন সেন্টারের সম্পাদিকা সুকেশী বাড়ুই। তাঁরা জানান, আমাদের সেন্টারে সর্ব ধর্মের অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।এই স্মরণীয় অনুষ্ঠানের আয়োজনের প্রস্তুতি সম্পন্ন করতে আবাসিক পুতুল মাইতি জানান, আমাদের উৎসাহিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন সৈনিক হিসেবে আশা ভবন সেন্টারের কর্মীদল।

CHANGE OF NAME

I PREVIOUSLY CALLED UMA RANI NANDI W/O, SHEKAR NANDI R/O, 342, NAGENDRA NATH ROAD DUMDUM BARRACKPORE, KOLKATA-700028. HAVE CHANGED MY NAME AS UMA NANDI VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 27-02-2018.

CHANGE OF NAME

I PREVIOUSLY CALLED MD. SHAHID S/O, MOHAMMED ZAKIR HOSSAIN R/O, 45/H/3, DR. SUDHIR BASU ROAD P.S. WATGUNGE KOLKATA-700023. HAVE CHANGED MY NAME AS MOHAMMED SHAHID HOSSAIN VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 27.02.2018

CHANGE OF NAME

I, "BISWANATH KARMAKAR (NEW NAME), PREVIOUSLY CALLED BISWANATH SINGHA (OLD NAME), SON OF LATE GOPAL KARMAKAR (NEW NAME) HE PREVIOUSLY CALLED LATE GOPAL CHANDRA SINGHA (OLD NAME) DOING-PVT. SERVICE, RESIDENT OF VILL-PURBA NARAYANPUR, P.O. LAXMIPUL, P.S. HABRA, DIST.- NORTH 24 PARGANAS, PIN-743234, W.B. INDIA, HEREBY SOLEMNLY DECLARE THAT I WILL BE KNOWN /PRONOUNCED AS "BISWANATH KARMAKAR" (NEW NAME) IN ALL THE GOVERNMENT/PRIVATE DOCUMENTS WITH IMMEDIATE EFFECT VIDE NOTARY PUBLIC AFFIDAVIT BEFORE CMM'S COURT AT BANKSHALL COURT, KOLKATA ON 26.02.2018

নাম/পদবি পরিবর্তন

আমি, সুদেব চক্রবর্তী, পিতা-কালিদাস চক্রবর্তী, বাসস্থান-৩এল, নস্করপাড়া লেন, কলকাতা-৭০০ ০৩১। ঘোষণা করছে যে আমার শিশু সন্তানের নাম সর্বজিৎ চক্রবর্তী (জন্ম তারিখ : ১৮.০২.২০১০) থেকে দেবজিৎ চক্রবর্তী নামে এখন থেকে পরিচিত হবে, প্রথম শ্রেণির জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, কলকাতার নিকট ০৫.০২.২০১৮ তারিখের আদেশ বলে।